দর্শনায় শান্তিপূর্ণ পরিবেশে ৬ টি মন্দিরের প্রতিমা বিসর্জন

প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হল সনাতন ধর্মালম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গা পূজা। প্রতি বছরের ন্যায় চুয়াডাঙ্গা জেলার দর্শনায় মাথাভাঙ্গা নদীতে শান্তিপূর্ণ পরিবেশে প্রতিমা বিসর্জন সম্পন্ন হয়েছে।

গতকাল বিকাল থেকে শুরু হয়ে সন্ধ্যা পর্যন্ত দর্শনা পৌর এলাকার ৫টি পূজা মন্দির ও পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ১টি পূজা মন্দির মোট ৬টি পূজা মন্দিরের প্রতিমা বিসর্জন সমাপ্তি হয়। অন্যান্য বছরের তুলনায় এ বছর নিরাপত্তা ব্যবস্থা ছিল বেশ কঠোর।

এ বিষয়ে দর্শনা থানার ওসি তিতুমীর বলেন, আমরা সতর্কতার সাথে দায়িত্ব পালন করেছি। আমাদের সঙ্গে সেনাবাহিনী ও ফায়ার সার্ভিস এবং আনসার বাহিনীর সদস্যরাও যুক্ত আছে। শান্তিপূর্ণ পরিবেশের মধ্যে দিয়ে প্রতিমা বিসর্জন সম্পন্ন হয়েছে।

বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রীস্টান ঐক্য পরিষদ দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি উত্তম রঞ্জন দেবনাথ বলেন, আমরা সুন্দর ও সুষ্ঠু ভাবে আমাদের প্রতিমা বিসর্জন দিতে পেরে খুব আনন্দিত। আমরা প্রতিবছর চুয়াডাঙ্গা জেলার দর্শনায় মাথাভাঙ্গা নদীতে প্রতিমা বিসর্জন দিয়ে থাকি। এবারও আমরা একই জায়গায় প্রতিমা বিসর্জন দিয়েছি। অন্যন্য বছরের তুলনায় এ বছর নিরাপত্তা ব্যবস্থা ছিল বেশ কঠোর। আমি বিশেষ ভাবে ধন্যবাদ দিতে চাই দর্শনা থানার পুলিশ সদস্য, সেনাবাহিনী ও ফায়ার সার্ভিস এবং আনসার বাহিনীদেরকে। অনেক সতর্কতার সাথে দায়িত্ব পালন করেছে। আমরা আমাদের অনুষ্ঠানটি খুব সুন্দরভাবে সম্পূর্ণ করতে পেরে আমরা আনন্দিত। এসময় প্রতিমা বিসর্জনের স্থানে হাজার হাজার মানুষের জনসমাগম ছিলো।

দামুড়হুদা উপজেলায় উৎসবমুখর পরিবেশে ২০টি প্রতিমা বিসর্জন

দামুড়হুদা উপজেলায় উৎসবমুখর পরিবেশে প্রতিমা বিসর্জন সম্পন্ন হয়েছে। শারদীয় দুর্গোৎসবের শেষ দিন আজ রোববার (১৩ অক্টোবর) বিকাল ৫ টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হয়েছে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব দুর্গাপূজা।

দামুড়হুদা উপজেলায় ২০টি মণ্ডপে সকাল থেকে শুরু হয় প্রতিমা বিসর্জনের প্রস্তুতি। আরতি, শোভাযাত্রাসহ অন্যান্য আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে প্রতিমা বিসর্জন দেওয়া হয়েছে। কোথায়ও কোন অপ্রিতীকর ঘটনার তথ্য পাওয়া যায়নি।

বিসর্জন উৎসবমুখর ও নির্বিঘ্ন করার লক্ষ্যে, প্রস্তুত ছিল পুলিশ, সেনাবাহিনী, আনসার, স্বেচ্ছাসেবী সংগঠন সহ বিভিন্ন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা, এবার দামুড়হুদা উপজেলায় ২২ টির মধ্যে ২০টি মন্ডপে দুর্গাৎসব অনুষ্ঠিত হয়েছে।

চিৎলা শ্রী শ্রী সার্বজনীন পূজা মন্ডপের সভাপতি মদন কুমার হালদার বলেন আমরা গত ৯ অক্টোবর থেকে প্রতিমা বিসর্জন পর্যন্ত উৎসবমুখর পরিবেশে পূজা উদযাপন করেছি। কোন সমস্যার সম্মুখীন হয়নি।

দামুড়হুদা উপজেলা পূজা উদযাপন পরিষদের আহ্বায়ক বাসুদেব হালদার বলেন এবার উৎসবমুখর পরিবেশের মধ্যে দিয়ে দুর্গাৎসব সম্পন্ন করতে পেরেছি। কৃতজ্ঞতা জানাই প্রশাসনসহ সকল শুভানুধ্যায়ীর প্রতি।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর বলেন, প্রশাসনের কঠোর নজরদারির মধ্য দিয়ে সুশৃংখল উৎসবমুখর পরিবেশে এবার শারদীয় দুর্গাৎসব উৎসব সম্পন্ন হয়েছে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার মমতাজ মহল বলেন জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা ও নিরাপত্তায় নিয়োজিত সকল আইন-শৃঙ্খলা বাহিনী স্বেচ্ছাসেবী সংগঠনের কঠোর নজরদারির মধ্য দিয়ে আমার উপজেলায় শান্তিপূর্ণ পরিবেশে শারদীয় দুর্গাৎসব সম্পন্ন করতে পেরেছি। কোথায় ও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

হিন্দুধর্ম মতে, মহালয়ার দিন ‘কন্যারূপে’ ধরায় আসেন দশভুজা দেবী

দুর্গা, বিসর্জনের মধ্য দিয়ে তাকে এক বছরের জন্য বিদায় জানানো হয়। তার এই ‘আগমন ও প্রস্থানের’ মধ্যে আশ্বিন মাসের শুক্লপক্ষের ষষ্ঠী থেকে দশমী তিথি পর্যন্ত পাঁচ দিন চলে দুর্গোৎসব। দোলায় বা পালকিতে আগমনের পর এবার দেবী দুর্গার গমন হচ্ছে ঘোটক বা ঘোড়ায় চড়ে।

আলমডাঙ্গার ওসমানপুরে যৌথবাহিনীর অভিযানে ১ কেজি গাঁজাসহ ব্যবসায়ী গ্রেপ্তার

আলমডাঙ্গায় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে সেনাবাহিনীর যৌথ অস্ত্র ও মাদক উদ্ধার অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ মতিয়ার রহমান বুদো নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে।

গতকাল শনিবার রাত ৭ টার দিকে উপজেলার হারদি ইউনিয়নের ওসমানপুর গ্রাম থেকে তাকে গ্রেপ্তার করা হয়। মতিয়ার রহমান বুদো (৫৭) একই গ্রামের মৃত ফকির চান মন্ডল।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, শনিবার রাতে উপজেলার ওসমানপুর গ্রামে মাদক ও অস্ত্র উদ্ধার অভিযান পরিচালনা করে সেনাবাহিনী ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এসময় গোপন সংবাদের ভিত্তিতে ওসমানপুর গ্রামে মাদক ব্যবসায়ী বুদোর বাড়িতে অভিযান চালানো হয়। এ সময় বুদোকে গ্রেপ্তার ও তার বসতঘর তল্লাশি করে ১ কেজি গাঁজা উদ্ধার করেন যৌথবাহিনীর সদস্যরা।

এ ঘটনায় চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক ইয়াসমিন বাদী হয়ে শনিবার রাতে বুদোর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেন।

জেলা প্রশাসক-পুলিশ সুপার-শান্তিপূণভাবে দুর্গা উৎসব শেষ হবে

দামুড়হুদার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক-পুলিশ সুপার। গতকাল শনিবার বিকাল ৫টার দিকে দামুড়হুদা উপজেলার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করে পূজা মন্ডপের নিরাপত্তা সহ সকল বিষয়ে সার্বিক খোঁজ খবর নেন।

পূজা মন্ডপ পরিদর্শনকালে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, জেলায় শান্তিপূর্ণভাবে শারদীয় দুর্গা উৎসব হচ্ছে। জেলার কোথায় কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। আশাকরি শান্তিপূণভাবে দুর্গা উৎসব শেষ হবে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা বিপিএম বলেন, শারদীয় দুর্গা উৎসব উপলক্ষে জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। কোথাও কোনো অপশক্তি সুন্দর পরিবেশ বিনষ্ট করতে পারেনি। যদি কোনো অপশক্তি দুগা উৎসব বিনষ্ট করার চেষ্টা করে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছা মমতাজ মহল, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার (ওসি) মো আলমগীর কবির, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই আসাদুর রহমান, বাকী বিল্লাহ, দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, চিৎলা হালদারপাড়া মন্দিরের সভাপতি, মদন কুমার হালদার, সাধারণ সম্পাদক বিশু হালদার প্রমুখ।

উল্লেখ, চলতি বছরে দামুড়হুদা উপজেলার পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে মোট ২০টি মন্দিরে শারদীয় দূর্গাপূজার কার্যক্রম চলছে। প্রতিটি মন্দিরে পূজা যেন নির্বিগ্নে উদযাপন করতে পারেন, সেই জন্য

প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তৎপর ভূমিকায় রয়েছে। এখনো পর্যন্ত কোথাও কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

চুয়াডাঙ্গায় বাটারফ্লাই হিউম্যান রাইটস্ ফাউন্ডেশনের জেলা কমিটি গঠিত

চুয়াডাঙ্গায় সমাজের নির্যাতিত, নিপীড়িত, অসহায়, অধিকারবঞ্চিত মানুষের অধিকার প্রতিষ্ঠায় সহায়তাদান সহ নানাবিধ সামাজিক উন্নয়নমুলক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা থেকে পরিচালিত “বাটারফ্লাই হিউম্যান রাইটস্ ফাউন্ডেশন” এর চুয়াডাঙ্গা জেলা কমিটি গঠন করা হয়েছে।

গত বৃহঃস্পতিবার বিকাল ৪ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার আকন্দবাড়িয়া বটতলা বাজারে সংগঠনের অস্থায়ী কার্যালয়ে এক আলোচনা সভা শেষে এ জেলা কমিটি গঠন করা হয়।

এতে ফিজিওথেরাপী চিকিৎসক মোঃ শফিকুল ইসলাম জান্টুকে সভাপতি, মুন্সী শহীদুল্লাহ শহীদকে সহ-সভাপতি, মোঃ মতিয়ার রহমান মন্টুকে সাধারণ সম্পাদক, মোঃ রেজাউল হককে সহ-সাধারণ সস্পাদক, মোঃ শরিফুজ্জামানকে কোষাধ্যক্ষ, মোঃ নুরুল আলম বাকু কে সাংগাঠনিক সম্পাদক, মোঃ সায়েম হোসেনকে দপ্তর সম্পাদক, এ্যাডঃ আশরাফুল হককে আইন বিষয়ক সম্পাদক, মোঃ ইব্রাহিম আলীকে সমাজকল্যাণ সম্পাদক, আল-মামুন কে প্রচার সম্পাদক ও মাওলানা মোহাম্মদ ওসমান গনীকে কে নির্বাহী সদস্য মনোনীত করে মোট ১১ সদস্য বিশিষ্ট এক বছর মেয়াদি এ কমিটি গঠন করা হয়। ইহা একটি স্বেচ্ছসেবী বেসরকারী, অরাজনৈতিক, অলাভজনক ও দাতব্য প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে সহায়তা করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

[redacted]

[redacted]

রুগা, দামুড়হুদা মডেল থানার অপারেশন্স ওসি (তদন্ত) হিমেল রানা, এসআই বাকি বিল্লাহ, উপজেলা বিএনপি’র সাবেক প্রচার সম্পাদক আশরাফুল আলম বাবলু, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি সজিবুল ইসলাম, হাসনাত খুশবু, সৌরভ, আকাশ, চিৎলা শ্রী শ্রী সার্বজনীন দূর্গা মন্দিরের সভাপতি মদন কুমার হালদার, সাধারণ সম্পাদক বিষ্ণু কুমার হালদার, দামুড়াহুদা প্রেসক্লাবের সভাপতি সামসুজ্জোহা পলাশ, সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, বিএনপি নেতা মনজুর রহমান, যুবদল নেতা খোকন আলী, আব্দুস সালাম সহ পূজা মন্দিরে আগত অসংখ্য ভক্তবৃন্দ। আগত অতিথিবৃন্দ চিৎলা শ্রী শ্রী সার্বজনীন পূজা মন্ডপ পরিদর্শনে আসলে তাদেরকে ফুল দিয়ে বরণ করে নেন মন্দিরের সভাপতি এবং সাধারণ সম্পাদকসহ ভক্তবৃন্দ।

আলমডাঙ্গায় যৌথবাহিনীর অভিযানে রিভলভারসহ মোটরসাইকেল আটক

আলমডাঙ্গা উপজেলা থেকে ১টি রিভলবারসহ রেজিস্ট্রেশন বিহীন মোটরসাইকেল এবং মোবাইল ফোন উদ্ধার করেছে যৌথ বাহিনী। গতকাল শুক্রবার রাতে উপজেলার কুমারী ইউনিয়নের কারিগর পাড়া এলাকা থেকে এসব উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্পের ক্যাম্প কমান্ডার লেঃ কর্ণেল মোহাঃ জয়নুল আবেদীন এক প্রেসবিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন।

এতে বলা হয়, উপজেলার কুমারী ইউনিয়নের কারিগর পাড়ায় গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালানো হয়। এসময় দুষ্কৃতিকারীরা ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। ঘটনাস্থলে তল্লাশি চালিয়ে একটি বিদেশি রিভলবার উদ্ধার করে। সেই সাথে একটি অনিবন্ধিত মোটরসাইকেল ও একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

অভিযানে কাউকে আটক করা সম্ভব হয়নি বলেও বিজ্ঞপ্তিতে জানান

দায়িত্বরত ওই সেনাকর্মকর্তা। উদ্ধারকৃত মালামাল সামগ্রী আলমডাঙ্গা থানায় প্রেরণ করা হয়।

পুজার ছুটিতে বাড়ি ফেরা হলো না আলমডাঙ্গার গৌরবের

পুজার ছুটিতে আর বাড়ি ফেরা হলো আলমডাঙ্গার সোনাপট্রটির গৌরব কুমার পালের। মোটর সাইকেলে বাড়ি ফেরার পথে রাজশাহীর হরিপুরে গতকাল শুক্রবার সকাল ১০ টার দিকে ট্রাকের সাথে দুর্ঘটনায় প্রাণ হারান এই যুবক। নিহত যুবক গৌরব পাল (২৯) আলমডাঙ্গার সোনাপট্রির ধীরেন্দ্র নাথ পালের ছেলে।

পরিবারিক সুত্রে জানা গেছে, গৌরব কুমার পাল চাপাইনগরের কানসার্টে পল্লি বিদ্যুতের মিটার রিডারের চাকরী করেন। পুজার ছুটি পেয়ে পরিেবোর সাথে উৎসব পালনের জন্য গতকাল সকালের দিকে মোটর সাইকেল যোগে বাড়ি ফিরছিলেন। তিনি রাজশাহীর হরিপুর এলাকায় পৌঁছালে দ্রুতগামী একটি ট্রাকের ধাক্কায় পিষ্ঠ হয়ে গৌরব পাল ঘটনাস্থলেই নিহত হন।

সংবাদ পেয়ে তার স্বজনরা ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে আলমডাঙ্গায় নিয়ে আসেন। মরদেহ বাড়িতে নিয়ে আসার পর এক হৃদয় বিদারক পরিস্থিতির সৃষ্টি হয়। স্বজনদের আহাজারিতে বাতাস ভারি হয়ে ওঠে। তাঁদের পরিবারে উৎসবের আমেজ ফিকে হয়ে শোকের ছায়া নেমে আসে। রাতে আলমডাঙ্গা মহাশ্মশানে তার দাহকার্য সম্পন্ন করা হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও

পুলিশ সুপারের আলমডাঙ্গার বিভিন্ন দুর্গা মন্দির পরিদর্শন

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মাদ জহিরুল ইসলাম ও পুলিশ সুপার খন্দকার গোলাম মাওলা বিপিএম (সেবা) আলমডাঙ্গার শ্রী শ্রী রথতলা দুূর্গা মন্দিরসহ বিভিন্ন পূজা মন্ডব পরিদর্শন করেন।

পূজা মন্ডব পরিদর্শনকালে জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ বাংলাদেশ, এখানে সকলে মিলে যার যার ধর্ম সেই সেই পালন করবে, এখানে কেউ যদি সম্প্রীতি নষ্ট করতে চাই আমরা কঠোর হস্তে তা দমন করবো ।

পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা বলেন, আলমডাঙ্গা উপজেলায় ৩২ টি পুজা মন্ডপে দুর্গা পুজা হচ্ছে, প্রতিটি মন্দিরে পুলিশ আনছার ভিডিপির সদস্য বৃন্দ মন্দিরের শান্তি শৃঙ্খলা রক্ষায় কাজ করছে, আপনারা শান্তিপুর্ণ ভাবে ধর্মীয় উৎসব পালন করবেন, কোন সমস্যা দেখলে আমাদেরকে ফোন করে জানাবেন, আমরা তাৎক্ষণিক ব্যাবস্থা নেবো।

পরিদর্শনকালে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান লালন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম, জেলা সমাজ সেবা কর্মকর্তা আবু তালেব, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া ও পরিদর্শক অপারেশন আসগর আলী।

কর্মকর্তাবৃন্দ রথতলা মন্দির প্রাঙ্গণে পরিদর্শনে আসলে মন্দির কমিটির সভাপতি বিদ্যুৎ কুমার সাহা, সম্পাদক আশিম কুমার সাহা তাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান। পরে তারা মন্দির প্রতিমা পরিদর্শন করেন।

এ ছাড়াও কর্মকর্তাবৃন্দ আলমডাঙ্গা স্টেশন পাড়া মন্দির, বাবুপাড়া দুর্গা মন্দিরে বেশ কিছু সময় কাটান এবং মন্দিরের সার্বিক পরিস্থিতির খোঁজ খবর নেন। জেলা প্রশাসন পরে ক্যানেল পাড়া মন্দির ও কালিদাসপুর দুর্গা মন্দির পরিদর্শন করেছেন।এর আগে জেলা আনছার ভিডিপির কমান্ডান্ড ফারুক হোসেন, উপজেলা আনছার ভিডিপি কর্মকর্তা

দামুড়হুদার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন ও আর্থিক সহায়তা প্রদান

দেশ নায়ক তারেক রহমানের নির্দেশনায় চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু ‘র পক্ষে দামুড়হুদা উপজেলা বিএনপির নেতৃবৃন্দ বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন ও আর্থিক সহায়তা প্রদান করেছেন।

গতকাল বৃহস্পতিবার বিকেলে দামুড়হুদা উপজেলা বিএনপির নেতৃবৃন্দ পূজা মন্ডপ পরিদর্শন শেষে আর্থিক সহায়তা প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির, সিনিয়র সহ-সভাপতি মো: আব্দুল ওয়াহেদ, সাধারণ সম্পাদক মোঃ রফিকুল হাসান তনু, যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, দামুড়হুদা উপজেলা সেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আঃ রহিম, সাধারণ সম্পাদক ভারপ্রাপ্ত আনছার আলী, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, উপজেলা যুবদলনেতা মোমিনুল হক, আরিফুল ইসলাম আরিফ সহ বিএনপি, যুবদল সহ অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।